দৈনিক সংবাদ

তারিখ 02 FEB 1991
পৃষ্ঠা 4 কলাম 2

05

## দেবিদ্বার স্কুলের এসএসসি পরীক্ষার ফি

এবারের এসএসসি পরীক্ষার জন্য দেবিদ্বার হাইস্কুলের ছাত্রদের নিকট থেকে ফরম পূরণের সময় ১৫০০ টাকা থেকে ১৬০০ টাকা নেয়া হচ্ছে। গতবার ছিল ৯০০ টাকা থেকে ১০০০ টাকা। অনিয়মিত ছাত্রদের নিকট থেকে, ১৩০০ টাকা থেকে ১৪০০ টাকা। গতবার ছিল ৭০০ টাকা থেকে ৮০০ টাকা। এবার এত বেশী টাকা নেয়ার কারণ জানতে চাইলে সহকারী শিক্ষক বলেন প্রধান শিক্ষকের নির্দেশে এটা নেয়া হচ্ছে। অভিভাবকগণ এ ব্যাপারে ম্যানেজিং কমিটির নিকট আবেদন করে ব্যর্থ হলে তারা প্রধান শিক্ষকের নিকট যান। তিনি নাকি তাদের বলেছেন যে, এটাকা বোর্ডের নির্দেশে নেয়া হচ্ছে।

বোর্ড কর্তৃপক্ষের এ ব্যাপারে কিছু বল্যার আছে কিনা আমরা জানতে চাই।

মোঃ মোস্তফা হোসাইন,
দেবিদ্বার, কুমিল্লা।